

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা
www.templeedu.gov.bd

নং-১৬.০৫.০০০০.১০১.১১.০৭৪.১৮.৮০১

তারিখ : ২৪/০৭/২০১৯ ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়" শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন নিম্নোক্ত পদসমূহ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	সর্বোচ্চ বয়স (বছর)	সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫	৬
০১।	হিসাবরক্ষক (গ্রেড-১৩)	০১	৩০	১৯,৬০০.০০	১. স্নাতক ডিগ্রী। ২. যে কোন প্রতিষ্ঠিত সংস্থায় সহকারী হিসাবরক্ষক হিসাবে ০১ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা। ৩. কম্পিউটারের জ্ঞান সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেয়া হবে। ৪. যেসব প্রার্থীদের প্রকল্পের পূর্ববর্তী পর্যায়গুলোতে কাজের অভিজ্ঞতা আছে তাদের অগ্রাধিকার দেওয়া হবে। ৫. প্রকল্পের পূর্ববর্তী পর্যায়গুলোর কাজে অভিজ্ঞতা সম্পন্ন সমপর্যায়ের প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য।
০২।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	০১	৩০	১৭,৩৪৫.০০	১. কম্পিউটারের এম.এস ওয়ার্ড এবং এক্সেল জ্ঞান সম্পন্ন স্নাতক ডিগ্রী। ২. প্রকল্পের পূর্ববর্তী পর্যায়গুলোতে কাজের অভিজ্ঞতা (অফিস সহকারী বা ব্যক্তিগত সহকারী হিসেবে) সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ৩. প্রকল্পের পূর্ববর্তী পর্যায়গুলোর কাজে অভিজ্ঞতা সম্পন্ন সমপর্যায়ের প্রার্থীদের বয়সসীমা শিথিলযোগ্য।

শর্তাবলীঃ

- ০১। জনপ্রশাসন মন্ত্রণালয় (www.mopa.gov.bd) কর্তৃক প্রণীত নিয়োগ আবেদন ফরমে প্রকল্প পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা বরাবরে আবেদন করতে হবে।
- ০২। সকল পদের আবেদনপত্র আগামী ২০/০৮/২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়" শীর্ষক প্রকল্প, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা অফিসে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা সরাসরি পৌঁছাতে হবে।
- ০৩। বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে চালানোর মাধ্যমে ১০০/- (একশত) টাকা ১-৩৫০১-০০০১-২৬৭১ নং কোডে জমা করত: চালানোর মূল কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৪। অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনে বর্ণিত তথ্যের স্বপক্ষে সকল প্রকার মূল সনদপত্র (অভিজ্ঞতার মূল সনদসহ) মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ০৫। আবেদন ফরমে বর্ণিত পরিমাপের (৫ সে.মি. × ৫ সে.মি.) সদ্য তোলা ০২(দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে।

- ০৬। নির্ধারিত ফরমে ব্যতিত অথবা ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৭। প্রতিষ্ঠান/প্রকল্পে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৮। উপযুক্ত প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত যোগাযোগের ঠিকানায় চিঠির মাধ্যমে জানানো হবে। আবেদনকারীর বর্তমান পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০(দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫"×৯.৫" সাইজের একটি খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৯। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১০। প্রার্থীর বয়স ০১/০৮/২০১৯ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ১১। প্রার্থীদেরকে দরখাস্তের খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- ১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(সৌরেন্দ্র নাথ সাহা)

উপ প্রকল্প পরিচালক

মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়